দৈনিক
ইত্তেফাক

22 FEB 2017

# কুমিল্লায় নিষেধাজ্ঞা অমান্য করে স্কুল উচ্ছেদের চেষ্টা

## দুই শতাধিক শিক্ষার্থীসহ শিক্ষক-কর্মচারী আতঙ্কে

■ কুমিল্লা প্রতিনিধি

আদালতের নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও জেলায় দেবিদ্বারে একটি স্কুলের স্থাপনা ভেঙ্গে উচ্ছেদের চেষ্টা চালানোর অভিযোগ পাওয়া গেছে। সোমবার সকাল ১১টার দিকে দেবিদ্বার উপজেলা সদরে এ ঘটনা ঘটে। এ সময় ওই স্কুলের দুই শতাধিক শিক্ষার্থীসহ শিক্ষক-কর্মচারীদের মাঝে চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে। হঠাৎ স্কুলটির কার্যক্রম বন্ধ করে দিয়ে উচ্ছেদ করা হলে শিক্ষার্থীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটবে বলে জানিয়েছেন ওই স্কুলের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকসহ স্থানীয় এলাকার লোকজন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, দেবিদ্বার উপজেলা সদরে পৈতৃক ভূমিতে ২০০৮ সালে ১৫ বছরের চুক্তিতে হামিদ চিলড্রেন গ্রেইস স্কুল প্রতিষ্ঠা করেন পৌর এলাকার মো. মামুনুর রশিদ। ২০২৩ সালে তার বাবার সাথে করা ওই চুক্তির মেয়াদ শেষ হওয়ার কথা। ইতোমধ্যে এ বিদ্যালয়টি সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিবন্ধন লাভ করে। কিন্তু মেয়াদ শেষের আগেই ওই ভূমি থেকে বিদ্যালয়টি উচ্ছেদের চেষ্টা করায় গত ১৬ জানুয়ারি বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মামুনুর রশিদ বাদী হয়ে বিদ্যালয়টি উচ্ছেদ না করার জন্য আবেদন জানিয়ে তার দুই সহোদর আবুল বাশার ও জসিম উদ্দিনের বিরুদ্ধে কুমিল্লার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করেন।

বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মামুনুর রশিদ বলেন, শিক্ষার্থীদের লেখাপড়ার স্বার্থে আদালত বিদ্যালয়ের স্থানটিতে স্থিতাবস্থা বজায় রাখার জন্য পুলিশকে নির্দেশ দিয়েছে। আদালতের ঐ নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও মামলায় অভিযুক্তরা সোমবার সকালে বিদ্যালয়ের স্থাপনা ভেঙ্গে ফেলার জন্য চেষ্টা চালায়। বর্তমানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা চরম আতঙ্কে রয়েছে।